

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৭৮

পর্ব-১: ঈমান (বিশ্বাস) (كتاب الإيمان)

পরিচ্ছেদঃ ২. তৃতীয় অনুচ্ছেদ - সন্দেহ-সংশয়, কুমন্ত্রণা

আরবী

وَعَنِ الْقَاسِمِ بْنِ مُحَمَّدٍ أَنَّ رَجُلًا سَأَلَهُ فَقَالَ: «إِنِّي أَهم فِي صَلَاتي فيكثر ذَلِك عَلَي فَقَالَ الْقَاسِم بن مُحَمَّد امْضِ فِي صَلَاتك فَإِنَّهُ لن يذهب عَنْكَ حَتَّى تَنْصَرِفَ وَأَنْتَ تَقُولُ مَا أَتْمَمْتُ صَلَاتي» . رَوَاهُ مَالك

বাংলা

৭৮-[১৬] কাসিম ইবনু মুহাম্মাদ (রহঃ) হতে বর্ণিত। জনৈক ব্যক্তি জিজ্ঞেস করলো, সালাতে আমি নানা ধরনের (ভুলের) সন্দেহের মধ্যে পড়ি। এটা আমার খুব বেশি হয়। তিনি (বর্ণনাকারী) বললেন, (এটা শয়তানের কাজ, এ রকম ধারণার প্রতি জ্রুক্ষেপ করো না) তুমি তোমার সালাত (সালাত/নামায/নামাজ) পূর্ণ করতে থাকবে। কেননা সে (শয়তান) তোমার কাছ থেকে দূর হবে না- যে পর্যন্ত না তুমি তোমার সালাত (সালাত/নামায/নামাজ) পূর্ণ কর এবং মনে কর যে, আমি আমার সালাত (সালাত/নামায/নামাজ) পূর্ণ করতে পারিনি। (মালিক)[1]

English

Al-Qasim b. Muhammad said that a man told him he was greatly distressed by wandering thoughts while he was engaged in prayer. He told him to persevere with his prayer, explaining that he would not be free from that till he said when he finished his prayer, "I have not performed my prayer perfectly."

Malik transmitted it.

ফুটনোট

[1] মুয়াত্ত্বা মালিক। اُهُمَّ (আহাম) হলো অনিচ্ছা সত্ত্বেও কোন দিকে খেয়াল ধাবিত হওয়া। ইমাম মালিক (রহঃ) ২২৬ নং হাদীসে এটি পরিপূর্ণরূপে বর্ণনা করেছেন।



ব্যাখ্যা

ব্যাখ্যা: (أَهِمُ فِي صَلَاتِي ... تَنْصَرِفَ) অর্থাৎ- তুমি তোমার সালাতে অব্যাহতভাবে চালিয়ে যাও। কেননা সালাত (সালাত/নামায/নামাজ) আদায় না করা পর্যন্ত এ শায়ত্বনী ওয়াস্ওয়াসাহ্ দূর হবে না। শায়ত্বনী ওয়াসওয়াসাহ্ দূর করার জন্য এটি একটি বিরাট মূলনীতি। অর্থাৎ- শায়ত্বনের (শয়তানের) ওয়াস্ওয়াসার দিকে ভ্রাক্ষেপ না করে যে কোন 'ইবাদাত অব্যাহতভাবে চালিয়ে যেতে হবে।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ কাসিম বিন মুহাম্মাদ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন